



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম
প্রেস বিজ্ঞপ্তি

৯ মার্চ ২০১৯ খ্রি.

৯ মার্চ ২০১৯ খ্রি. শনিবার সকালে চন্দনপুরাস্থ গুল-এজার বেগম সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন উদ্বোধন করা হয়েছে। মাননীয় মেয়র আলহাজ্ব আ.জ.ম. নাছির উদ্দীন ফলক উন্মোচন করে এই নতুন ভবনের উদ্বোধন করেন। গুল এজার বেগম সরকারি প্রাথমিক বিদ্যালয় ২য় ও ৩য় তলার উর্দ্ধমুখি এই সম্প্রসারণের জন্য ব্যয় হয়েছে ৭৫লক্ষ টাকা। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এর উদ্যোগে এ স্কুল ভবন নির্মিত হয়। এই ভবনে ৬টি শ্রেণী কক্ষ, ওয়াশ রুম ব্লক ও সিড়ি রয়েছে। গুল এজার বেগম সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার

পুরস্কার বিতরণী ও নতুন ভবন উদ্বোধন উপলক্ষে আয়োজিত সমাবেশে মাননীয় মেয়র বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার উন্নয়নের সরকার। স্বাস্থ্য, শিক্ষা, বিদ্যুৎ, রাস্তাঘাট সহ গ্রামাঞ্চলের অবকাঠামো উন্নয়ন করে যাচ্ছে সর্বত্রই। গ্রাম হবে শহর এই ঘোষণা দিয়েছেন জননেত্রী শেখ হাসিনা। এ ঘোষণার মধ্যদিয়ে দেশের মানুষ একটি সুন্দর দেশের স্বপ্ন দেখছেন। মেয়র আরো বলেন, দেশের উন্নয়নের স্বার্থে শেখ হাসিনা সরকার নিরলসভাবে কাজ করে চলেছে। প্রধানমন্ত্রীর দূরদর্শি, বিচক্ষণ এবং সুচিন্তিত পরিকল্পনায় ২০৪১ সালের মধ্যে বিশ্বের দরবারে মাথা উচু করে দাঁড়াবে বাংলাদেশ। তৎজন্য দেশের প্রত্যেক নাগরিকদের উচিত সরকারের সকল উন্নয়ন কাজে সহযোগিতা করা। তিনি বলেন আজকের শিশুরা আগামী দিনের পরিণত মানুষ। প্রাতিষ্ঠানিক শিক্ষার পাশাপাশি প্রত্যেক শিশুকে আনন্দ-বিনোদনে উৎসাহিত করা গেলে তারা দেশের জন্য যোগ্য নাগরিক হয়ে গড়ে উঠবে। তারাই শিল্প-সাহিত্য-সংস্কৃতি-রাজনীতি-বিজ্ঞান সর্বক্ষেত্রে আগামী বিশ্বকে নেতৃত্ব দেবে। এই প্রসঙ্গে মেয়র বলেন, বর্তমান সরকার শিক্ষা ব্যবস্থাকে নিবিড় পর্যবেক্ষণে রেখেছে। আগেকার তুলনায় এখন সরকার প্রাথমিক শিক্ষা ব্যবস্থাকে অনেক আধুনিকায়ন করেছে। প্রাথমিক পর্যায়ে কর্মরত শিক্ষকগণের সম্মানী বাড়িয়েছে, তাদেরকে নিয়মিত প্রশিক্ষণ, তদারকি দিয়ে তাঁদেরকে আরও সমায়োগ্য ও দায়িত্বশীল করে গড়ে তোলা হয়েছে। বছরের প্রথম দিনে বিনামূল্যে বই প্রদান, শিক্ষার্থী বরে পড়া রোধে উপবৃত্তি প্রথা প্রচলন, পাইলট প্রজেক্ট হিসেবে টিপিনের বন্দোবস্তকরণ করা হয়েছে। এই শিক্ষা ব্যবস্থায় আগামীতে আরো পরিবর্তন আসার সম্ভবনা রয়েছে বলে তিনি উল্লেখ করেন। তিনি বলেন সুস্থ সংস্কৃতিচর্চা মানুষকে উদার হতে শেখায়। সমাজে ইতিবাচক ভূমিকা রাখার মতো কাজে তাদেরকে উজ্জীবিত করে। কিন্তু শিক্ষা প্রতিষ্ঠানে এখন শুধু পড়া, পরীক্ষা আর অসুস্থ প্রতিযোগিতার মধ্য হারিয়ে গেছে সংস্কৃতি চর্চা। শিক্ষাঙ্গনে একসময় সংস্কৃতিচর্চা ও খেলাধুলার সুযোগ ছিল বাধ্যতামূলক। শিক্ষার্থীরা ক্লাসে লেখাপড়ার পাশাপাশি নিয়মিত সংস্কৃতির নানা বিষয় ও খেলাধুলা চর্চা করতো। কিন্তু এখন দেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে সেই পরিবেশ নেই বললেই চলে। গুল-এজার বেগম সরকারী প্রাথমিক বিদ্যালয় পরিচালনা কমিটির চেয়ারম্যান আলহাজ্ব ইলিয়াচ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় সম্মানিত কাউন্সিলর সাইয়েদ গোলাম হায়দার মিন্টু, সম্মানিত কাউন্সিলর শৈবাল দাশ সুমন, ডা. সাইদুল আলম প্রিন্স, শেখ গোলাম মোহাম্মদ, আলহাজ্ব দস্তগীর আলম নসু, মোজাহের ইসলাম বাবুল বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষিকা শিল্পী চৌধুরী। মঞ্চে উপস্থিত ছিলেন হারুন উর জামান, আলহাজ্ব খসরু মাহমুদ, গোলাম মোহাম্মদ রাজু, গুল এজার বেগম সিটি কর্পোরেশন মুসলিম বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাইফুল আলম, দ্বীন মোহাম্মদ দিনু, আবদুল মন্নান, রহমত উল্লাহ, খালেক জামান প্রমুখ। পরে মেয়র ক্রীড়া প্রতিযোগিতা বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।

সংবাদদাতা

রফিকুল ইসলাম

জনসংযোগ কর্মকর্তা